

পানছড়ি উপজেলায় অনুষ্ঠিত বিশেষ আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : **রুবাইয়া আফরোজ**, উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পানছড়ি।
তারিখ ও সময় : ০৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। চলমান হরতাল অবরোধ পানছড়ি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও এলাকায় শান্তি শৃঙ্খলা স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার অনুরোধ জানানো হয়। আইন-শৃঙ্খলা পরিস্থিতি বরাবরের মত কঠোরভাবে নিয়ন্ত্রণের বিষয়ে পুলিশ বিভাগের বিশেষ নজরদারি বাড়ানোর ব্যাপারে গুরুত্বারোপ করা হয়।
অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	চলমান অবরোধে দুর্বৃত্তরা রাতের আধীরে রাস্তার পাশে গাছ কেটে জনজীবনে ভয়, আতঙ্কের সৃষ্টি করার আশঙ্কা রয়েছে। পানছড়ি উপজেলার সার্বিক নিরাপত্তা বজায় রাখার জন্য গ্রামপুলিশদের রাতে পাহারায় থাকতে হবে; সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার গ্রামপুলিশের পাহারা নিশ্চিত করবে ইউনিয়ন চেয়ারম্যানগণ বাজারে/অন্যান্য ঝুঁকিপূর্ণ স্থানে মাইকিংয়ের মাধ্যমে জনগণকে সচেতন করবেন। অবরোধকালীন উপজেলার বিভিন্ন স্পর্শকাতর এলাকা বিদ্যুৎ অফিস, বিভিন্ন সরকারি অফিস বা স্থাপনা, বাস স্টেশন ও বিভিন্ন পেট্রোল পাম্প বা প্যাকড পয়েন্ট এর নিরাপত্তা স্ব-স্ব উদ্যোগ নিজেদের নিরাপত্তা নিজেরা বিধান করবেন। প্রয়োজনে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার এবং আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় করার আলোচনা করা হয়। যেকোন ধরনের নাশকতামূলক খবর পেলে ৯৯৯ বা ০১৮৯৪৯৪৯২৮২ পানছড়ি থানার ইমারজেন্সী নম্বর এ যোগাযোগ করার অনুরোধ করা হয়। রাতে বাজারে ক্রাস্টারওয়ারি নাইটগার্ড ও পুলিশের নজরদারি বৃদ্ধি করা হয়েছে।	০১। গ্রামপুলিশগণ স্ব-স্ব ওয়ার্ডে রাতে পাহারায় থাকতে হবে। ০২। ইউপি চেয়ারম্যান বাজারে এবং সদস্যগণ স্ব-স্ব ওয়ার্ডে সচেতনতামূলক মাইকিং করবে। ৩। স্ব-স্ব দপ্তর নিজেদের নিরাপত্তা বিধান করবে।	১। অফিসার ইনচার্জ, পানছড়ি থানা। ২। চেয়ারম্যান, ইউপি (সকল), পানছড়ি। ৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। ০৪। উপজেলা অফিসার (সকল)
০২	১। হাইওয়ে, সড়কের পার্শ্ব থাকা সমিলের কাঠের লগ, বিদ্যুতের অব্যবহৃত খুঁটি বা অন্য কোনও বস্তু যা রাস্তায় প্রতিবন্ধকতা তৈরি করতে পারে, তা স্ব-স্ব কর্তৃপক্ষ কর্তৃক নিরাপদ দূরত্বে রাখা নিশ্চিত করতে হবে; ২। রাস্তার পার্শ্ব বা শহরের ভিতরে থাকা ইট, ইটের খোয়া, পাথর ইত্যাদি নিরাপদে রাখতে স্ব-স্ব কর্তৃপক্ষকে নির্দেশ দিতে হবে; ৩। ফায়ার সার্ভিস, বন বিভাগ, সড়ক বিভাগ, বিদ্যুৎ বিভাগকে সার্বক্ষণিক প্রয়োজনীয় লজিস্টিকসহ প্রস্তুত থাকতে হবে। ৪। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে নিজ অফিসসহ কেপিআই সমূহের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। ৫। জরুরি সেবাদানকারী যানবাহনের যাতায়াত নিশ্চিত করতে হবে; ৬। বাস স্টেশনসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। ৭। পেট্রোল পাম্পসমূহের নিরাপত্তা নিশ্চিত করা এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ প্রশাসনের যানবাহন সমূহের পর্যাপ্ত জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে হবে। কোনভাবেই খোলা/বোতলে জ্বালানি সরবরাহ করা যাবে না।	আলোচ্য বিষয় সমূহের আলোকে সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান

অতঃপর সভাপতি গুরুত্বসহকারে স্ব-স্ব দায়িত্ব পালনের আহবান জানিয়ে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


রুবাইয়া আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০২। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৩। অধিনায়ক, ০৩ বিজিবি লোগাং জোন, পানছড়ি।
- ০৪। প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি।
- ০৫। সাব জোন কমান্ডার, আর্মি সাব জোন পানছড়ি।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৭। অফিসার ইনচার্জ, পানছড়ি থানা, পানছড়ি।
- ০৮। আনসার ও ভিডিপি কর্মকর্তা, পানছড়ি।
- ০৯। ফায়ার স্টেশন কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পানছড়ি।
- ১০। আবাসিক প্রকৌশলী, বিউবো, পানছড়ি।
- ১১। উপজেলা.....সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, পানছড়ি।
- ১২। চেয়ারম্যান, পানছড়ি/লোগাং/লতিবান/চেশী/ উপটাছড়ি ইউনিয়ন পরিষদ, পানছড়ি।
- ১৩। জনাব, পানছড়ি, খাগড়াছড়ি।


উপজেলা নির্বাহী অফিসার
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা